

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)  
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং সলিসিটর/জিপি-পিপি (হবিগঞ্জ)-৫৮/২০০৯- ৯৯

তাং ৩০ -১১-২০২০খ্রিঃ

প্রেরকঃ মোঃ আব্দুছ ছালাম মন্ডল  
সহকারী সচিব (জিপি/পিপি)।


প্রাপকঃ বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।

বিষয়ঃ হবিগঞ্জ জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১ ও ৩ এ বিশেষ পাবলিক প্রসিকিউটর পদে নিয়োগ প্রদান  
প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে হবিগঞ্জ জেলার নবসৃজিত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০৩ এ বিশেষ পাবলিক প্রসিকিউটর পদে জনাব মোঃ মোস্তফা মিয়া-কে নিয়োগ প্রদানের জন্য নিম্নবর্ণিত আইনজীবীর পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা ও সততা সম্পর্কে বিজ্ঞ জেলা ও দায়রা জজ/ বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এর প্রতিবেদন না পাওয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে বর্ণিত পদে ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ৪৯২ ধারা এবং এল আর ম্যানুয়েল ১৯৬০ এর ২নং অধ্যায়ের ২৭ (১৭) বিধির প্রদত্ত ক্ষমতাবলে নির্দেশক্রমে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো। একইসঙ্গে অত্র মন্ত্রণালয়ের গত ০১-১১-২০১৫ খ্রিঃ তারিখের সলিঃ/জিপি-পিপি (হবিগঞ্জ)-৫৮/২০০৯-১৩০ নং স্মারকে সহকারী পাবলিক প্রসিকিউটর পদে জনাব মোঃ মোস্তফা মিয়া এর নিয়োগ আদেশ বাতিল করা হলো। পাশাপাশি হবিগঞ্জ জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০১ এ বিশেষ পাবলিক প্রসিকিউটর পদে জনাব আবুল হাসেম মোল্লা-কে নিয়োগ প্রদানের জন্য নিম্নবর্ণিত আইনজীবীর পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা ও সততা সম্পর্কে প্রতিবেদন না পাওয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে বর্ণিত পদে ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ৪৯২ ধারা এবং এল আর ম্যানুয়েল ১৯৬০ এর ২নং অধ্যায়ের ২৭ (১৭) বিধির প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃ নং	নাম ও পিতার নাম	জন্ম তারিখ	পদবী	আইনজীবী হিসেবে যোগদানের তারিখ
১	জনাব আবুল হাসেম মোল্লা পিতা-মৃত আলহাজ্ব মোস্তাফা মোল্লা	০১-০১-১৯৫৯খ্রিঃ	বিশেষ পাবলিক প্রসিকিউটর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০১	--
২	জনাব মোঃ মোস্তফা মিয়া পিতা-মৃত মোঃ হরমুজ আলী	৩১-১২-১৯৬৫ খ্রিঃ	বিশেষ পাবলিক প্রসিকিউটর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০৩	২০-০৯-১৯৯৫খ্রিঃ

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ আব্দুছ ছালাম মন্ডল)  
সহকারী সচিব (জিপি/পিপি)  
ফোন-৫৫১১০৩৯২।

নং সলিসিটর/জিপি-পিপি (হবিগঞ্জ)-৫৮/২০০৯-৯৯

তাং ৩০-১১-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিজ্ঞ জেলা ও দায়রা জজ/বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ। (তাঁকে বর্ণিত আইন কর্মকর্তাগণের পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা ও সততা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১ ও ৩, হবিগঞ্জ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হবিগঞ্জ।
- ৭। বিজ্ঞ পিপি, হবিগঞ্জ।
- ৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ১০। জনাব আবুল হাসেম মোল্লা, বিশেষ পিপি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০১, হবিগঞ্জ। (তাঁকে অনতিবিলম্বে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০৩ এর বিশেষ পিপি'র যাবতীয় দায়িত্বভার, সকল প্রকার মামলার নথি ও সিডিসহ নবনিয়োগপ্রাপ্ত বিশেষ পিপি জনাব মোঃ মোস্তফা মিয়া-কে বুঝাইয়া দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ১১। জনাব মোঃ মোস্তফা মিয়া, বিশেষ পিপি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০৩, হবিগঞ্জ।
- ১২। গার্ড কপি।



(মোঃ আব্দুছ ছালাম মন্ডল)  
সহকারী সচিব (জিপি/পিপি)।